

রহমান রহীম আল্লাহ তায়ালা নামে

- ০৯৯-১ যখন ঝাঁকুনি দিয়ে পৃথিবীকে তার (প্রবল) কম্পনে কম্পিত করা হবে,  
০৯৯-২ এবং পৃথিবী যখন তার (এবং মানুষের কৃতকর্মের) বোঝা বের করে দেবে,  
০৯৯-৩ তখন মানুষরা (হতভঙ্গ হয়ে) বলতে থাকবে, তার এ কী হলো (সে সব কিছু উগরে দিচ্ছে কেন) ?  
০৯৯-৪ সেদিন সে (তার সব কিছু) খুলে খুলে বর্ণনা করবে,  
০৯৯-৫ কেননা তোমার রবই তাকে এ (কাজে)-র আদেশ দেবেন;  
০৯৯-৬ সেদিন মানুষ দলে দলে ভাগ হয়ে যাবে, যাতে করে তাদেরকে তাদের কর্মকান্ড দেখানো যায়;  
০৯৯-৭ অতএব যে ব্যক্তি এক অণু পরিমাণ কোনো ভালো কাজ করবে (সেদিন) তাও সে দেখতে পাবে;  
০৯৯-৮ (ঠিক তেমনি) কোনো মানুষ যদি অণু পরিমাণ খারাপ কাজও করে, তাও সে (সেদিন তার চোখের সামনে) দেখতে পাবে।

Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed  
*Al Quran Academi London*